

ওমরাহ ও হজ্জের ফযিলত

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
الْعُمْرَةُ إِلَى الْعُمْرَةِ كَفَّارَةٌ لِمَا بَيْنَهُمَا وَالْحَجُّ الْمَبْرُورُ لَيْسَ لَهُ
جَزَاءٌ إِلَّا الْجَنَّةُ رَوَاهُ الْبُخَارِيُّ .

১। হযরত আবু হোরাইরা রাদিয়াল্লাহু আন্হু বর্ণনা করেন, নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন- এক ওমরাহ হতে আরেক ওমরাহর মধ্যবর্তী গুনাহসমূহ ওমরাহ-র দ্বারা মাফ হয়ে যায় এবং হজ্জ মকবুলের একমাত্র পুরস্কার জান্নাত (বোখারী শরীফ)।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
مَنْ خَرَجَ حَاجًّا أَوْ مُعْتَمِرًا أَوْ غَازِيًا ثُمَّ مَاتَ فِي طَرِيقِهِ
كَتَبَ اللَّهُ لَهُ أَجْرَ الْغَازِيِ وَالْحَاجِّ وَالْمُعْتَمِرِ رَوَاهُ الْبَيْهَقِيُّ .

২। হযরত আবু হোরাইরা রাদিয়াল্লাহু আন্হু বর্ণনা করেন, রাসুলে করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন- যে ব্যক্তি হজ্জ, ওমরাহ বা জেহাদের নিয়তে বের হয়ে পথে মৃত্যু বরণ করে- তাকে হাজী, ওমরাহকারী ও গাজী বলে আল্লাহ তায়ালা লিখে রাখবেন (বায়হাকী শরীফ)।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
حُجُّوا فَإِنَّ الْحَجَّ يَغْسِلُ الذَّنُوبَ كَمَا يَغْسِلُ الْمَاءُ الدَّرَنَ .

৩। হযরত আবু হোরাইরা রাদিয়াল্লাহু আন্হু বর্ণনা করেন, নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন- তোমরা হজ্জ করো। কেননা হজ্জ গুনাহ সমূহকে এমনভাবে ধুয়ে মুছে পরিষ্কার করে দেয়-যেভাবে পানি ময়লা ধুয়ে মুছে পরিষ্কার করে দেয়।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
مَنْ لَمْ يَتَّعَهُ مِنَ الْحَجِّ حَاجَةٌ ظَاهِرَةٌ أَوْ سُلْطَانٌ جَائِرٌ أَوْ مَرَضٌ
حَاسِبٌ فَمَاتَ وَلَمْ يَحْجِ فَلَيْمَتْ إِنْ شَاءَ يَهُودِيًّا وَإِنْ شَاءَ
نَصْرَانِيًّا رَوَاهُ الدَّارِمِيُّ .

৪। হযরত আবু হোরাইরা রাদিয়াল্লাহু আন্হু বর্ণনা করেন, নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন- যে ব্যক্তির হজ্জ গমনে কোন বাহ্যিক সঙ্গত প্রয়োজন অথবা যালেম শাসক অথবা প্রতিবন্ধক অথবা রোগ অন্তরায় না হবে- এমতাবস্থায় সে যদি হজ্জ না করে মারা যায়- সে চাই ইয়াহুদী অথবা নাসারা হয়ে মারা যাক। (দারমী শরীফ)।

সুনী গবেষণা কেন্দ্র